

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২২

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য: "এই সাক্ষ্যদ্বয় তাকে জাহান্নামে প্রবেশ করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে"- এর দ্বারা উদ্দেশ্য হলো যদি সে এমন কিছু না করে যার কারণে তার জাহান্নামে প্রবেশ করা অবধারিত হয় এবং মহান আল্লাহ তাকে ক্ষমা করার মাধ্যমে অনুগ্রহ করে না থাকে

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَّا حَجَبَتَاهُ عَنِ النَّارِ أَرَادَ بِهِ إِلَّا أَنْ يَرْتَكِبَ شَيْئًا يَسْتَوْجِبُ مِنْ أَجْلِهِ دُخُولَ النَّارِ وَلَمْ يَتَفَضَّلِ الْمَوْلَى جَلَّ وَعَلَا عَلَيْهِ بِعَفْوِهِ

## আরবী

أَخْبَرَنَا وَصِيفُ بْنُ عَبْدِ اللَّهِ الْحَافِظُ بِأَنْطَاكِيَةَ، حَدَّتَنَا الرَّبِيعُ بْنُ سُلَيْمَانَ الْمُرَادِيُّ، حَدَّتَنَا ابْنُ وَهْبٍ، عَنْ مَالِكِ، عَنْ عَمْرِو بْنِ يَحْيَى الْمَازِنِيِّ، حَدَّتَنِي أَبِي، عَنْ أَبِي سَعِيدٍ لَخُدْرِيِّ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: «يَدْخُلُ أَهْلُ الْجَنَّةِ الْجَنَّةِ الْجَنَّةَ، ويَدْخُلُ أَهْلُ الْجَنَّةِ الْجَنَّةِ، ويَدْخُلُ أَهْلُ النَّارِ النَّارَ، ثُمَّ يَقُولُ جَلَّ وَعَلا: انْظُرُوا مَنْ وَجَدْتُمْ فِي قَلْبِهِ مِثْقَالَ حَبَّةٍ مِنْ خَرْدَلٍ أَهْلُ النَّارِ النَّارَ، ثُمَّ يَقُولُ جَلَّ وَعَلا: انْظُرُوا مَنْ وَجَدْتُمْ فِي قَلْبِهِ مِثْقَالَ حَبَّةٍ مِنْ خَرْدَلٍ مِنَ الْإِيمَانِ فَأَخْرِجُوهُ»، قَالَ: «فَيَخْرُجُونَ مِنْهَا حُمَمًا بَعْدَمَا امْتَحَشُوا، فَيُلْقَوْنَ فِي نَهْرِ الْكِيمَانِ فَأَخْرِجُوهُ»، قَالَ: «فَيَخْرُجُونَ مِنْهَا حُمَمًا بَعْدَمَا امْتَحَشُوا، فَيُلْقَوْنَ فِي نَهْرِ الْحَيَاةِ، فَيَنْبُتُونَ فِيهِ كَمَا تَنْبُتُ الْحَبَّةُ إِلَى جَانِبِ السَّيْلِ»، قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَلَمْ تَرُوْهَا كَيْفَ تَخْرُجُ صَفْرَاءَ مُلْتَويَةً؟».

الراوي: أَبُوْ سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 222 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

২২২. আবু সা'ঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যখন জান্নাতবাসীরা জান্নাতে আর জাহান্নামবাসীরা জাহান্নামে প্রবেশ করেবে, তখন মহান আল্লাহ বলবেন: "আপনারা লক্ষ্ম করুন যার অন্তরে সরিষার দানা পরিমান ঈমান আছে, তাকে আপনারা জাহান্নাম থেকে বের করে নিয়ে আসেন।" অতঃপর তাঁরা তাদেরকে জাহান্নাম থেকে বের করে আনবেন, এমন অবস্থায় যে, তারা পুড়ে কয়লায় পরিণত হয়ে গিয়েছে। তারপর



তাদেরকে নাহরুল হায়াত বা জীবন সঞ্জীবনী নদীতে ফেলে দেওয়া হবে। ফলে তারা স্রোতধারার তীরে চারা গজিয়ে উঠার ন্যায় গজিয়ে উঠবে।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তোমরা কি সেগুলোকে হলুদ বর্ণ ও মোচড় খাওয়া পোঁচানো দেখতে পাও না?"[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৮৪; ইবনু মান্দাহ: ৮২১। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আয যিলাল: ৮৪২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন